

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার নং-০৮

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২০
২৮ নভেম্বর, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের তথ্যাদি Rationalized Input Template (RIT)
এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৬ মে ২০১০ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১। উক্ত সার্কুলার অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের পরিচালকদের ডিসেম্বর ভিত্তিক তথ্যাদি ৩১শে জানুয়ারির মধ্যে এবং পরিচালনা পর্যন্ত কোন পরিবর্তন হলে তখন উক্ত পরিবর্তিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে ম্যানুয়াল পদ্ধতিতে (Hard copy) দাখিল করে থাকে। এখন থেকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের পরিচালকদের তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে Rationalized Input Template (RIT) “T_PS_Q_SH_DIR_INFO” এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে নিয়মিতভাবে দাখিল করবে।

২। প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে উক্ত RIT যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট CSV ফাইল বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে নিয়মিতভাবে দাখিল করতে হবে।

৩। নবনির্বাচিত/পুনঃনির্বাচিত পরিচালকগণের ক্ষেত্রে সিআইবি প্রতিবেদন যাচাই করে সংশ্লিষ্ট পরিচালক(গণ) খেলাপী নন মর্মে নিশ্চিত হতে হবে।

৪। কোন প্রতিষ্ঠানের পরিচালনা পর্যন্ত পরিবর্তন হলে তা সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে অবহিত করা, নিজস্ব ওয়েব-সাইটে তা হালনাগাদ করা এবং পরিবর্তনের ৭(সাত) দিনের মধ্যে হালনাগাদ তথ্যাদি RIT এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো।

৫। অনুমোদিত User ID এর মাধ্যমে Log in করে বাংলাদেশ ব্যাংকের ওয়েব-সাইটের সংশ্লিষ্ট লিঙ্ক [http://www.bb.org.bd>>Service>>eService>>eReturn>>Download] থেকে উক্ত Rationalized Input Template (RIT) এবং তা পূরণের নিয়মাবলী সম্পর্কিত নির্দেশিকা (User Guide) পাওয়া যাবে। উক্ত নির্দেশিকায় RIT পূরণ করার যাবতীয় নির্দেশাবলী দেয়া আছে।

৬। অন-লাইনে প্রেরিত তথ্যের প্রামাণিকরণ (Authentication) নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে আপলোড করার পূর্বে সংশ্লিষ্ট টেমপ্লেট-এ বর্ণিত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বা তাঁর মনোনীত/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণপূর্বক আপলোড করার জন্য পরামর্শ দেয়া হলো।

৭। নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী-সংশ্লিষ্ট তথ্যাদি সংশ্লিষ্ট RIT এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ওয়েব-পোর্টালে আপলোড না করা হলে বা বিলম্বে আপলোড করা হলে ডিএফআইএম সার্কুলার নং-০৫/২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। ডিএফআইএম সার্কুলার নং-০৫/২০১০ অত্র সার্কুলার দ্বারা প্রতিষ্ঠাপিত বলে গণ্য হবে এবং এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাত্মক
(এ, কে, এম আমজাদ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন নং-৯৫৩০২৪৯